দৈনিক খবর

তারিখ 22 JUN 1992
পৃষ্ঠা ১ কলাম ৫

14

রাজবাড়ী উপজেলার

# ৪টি উচ্চ বিদ্যালয়ে লেখাপড়া ব্যাহত

রাজবাড়ী, ২১শে জুন (নিজস্ব সংবাদদাতা)।– জেলার ৪টি সরকারী উচ্চ বিদ্যালয় শিক্ষা সংকটের কারণে ছাত্র–ছাত্রীদের পড়াশুনায় মারাত্মকভাবে ব্যাঘাত ঘটছে।

রাজবাড়ী জেলা সদরে ২টি ও গোয়ালন্দ উপজেলায় ২টি সরকারী উচ্চ বিদ্যালয় রয়েছে। প্রতিটি সরকারী উচ্চ বিদ্যালয়ে বর্তমানে অর্ধাংশ শিক্ষকের সংকট রয়েছে। রাজবাড়ী সরকারী উচ্চ বিদ্যালয়ে মোট ২৬টি শিক্ষকের পদ থাকলেও মাত্র ৯ জন শিক্ষকের পদ পূরণ রয়েছে। বাকী ১৯টি শিক্ষকের পদ শূন্য থাকায় বিদ্যালয়টির লেখাপড়া ব্যাহত হচ্ছে। প্রত্যেক শাখায় ৫০ জন করে ছাত্র থাকার কথা থাকলেও দু'শাখা একত্রিত করায় বর্তমান শ্রেণী কক্ষে দেড় শতাধিক ছাত্রকে একত্রে ক্লাস নিতে হচ্ছে। শিক্ষক সংকটের কারণে বিদ্যালয়ের প্রধান শিক্ষককেও অফিসের কাজ-কর্ম ব্যতিরেকে ২/৪টি ক্লাস নিতে হয়। গোয়ালন্দ নাজীর উদ্দিন সরকারী উচ্চ বিদ্যালয়ে মাত্র ৮জন শিক্ষক রয়েছে। আর ৭ শতাধিক ছাত্র–ছাত্রীর এ-বিদ্যালয়টিতে বর্তমান শিক্ষক সংকটের কারণে লেখাপড়া ব্যাহত হচ্ছে।

জেলার ২টি সরকারী বালিকা বিদ্যালয়ে ইংরেজী, অংক, বিজ্ঞান শিক্ষকের পদ শূন্য রয়েছে। এছাড়া জেলার ২৪টি বেসরকারী উচ্চ বিদ্যালয়েও শিক্ষক সংকটের কারণে লেখাপড়া ব্যাহত হচ্ছে। এতে ছাত্র–ছাত্রীরা আশানুরূপ ফলাফল করতে ব্যর্থ হচ্ছে। ফলে অভিভাবকবৃন্দ দিন দিন হতাশাগ্রস্ত হয়ে পড়ছে।